

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০১০

২০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যেসব কারনে এরকম করতে নিষেধ করা হয়েছে, তন্মধ্যে অন্যতম একটি কারণের বিবরণ ذِكْلُ بَعْضِ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا زُجِرَ عَنْ هَذَا الْفِعْلِ

আরবী

3010 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ أَبَانَ قَالَ: حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ أَبَانَ قَالَ: عَائِشَة: مَا فَعَلَ يَزِيدُ بْنُ قَيْسٍ _ عَلَيْهِ لَعْنَةُ اللَّهِ عَبْثَرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ مُجَاهِدٍ قَالَ: قَالَتْ عَائِشَة: مَا فَعَلَ يَزِيدُ بْنُ قَيْسٍ _ عَلَيْهِ لَعْنَةُ اللَّهِ عَبْثَرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ مُجَاهِدٍ قَالَ: (لَا تَسُبُوا اللَّهُ قَالُوا لَهَا: (لَا تَسُبُّوا الأموات فإنهم أَفْضَوا إلى ما قَدَّمُوا)

الراوي: مُجَاهِد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3010 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الروض النضير)) (1/ 437): خ المرفوع فقط.

قَالَ أَبُو حَاتِمٍ: مَاتَتْ عَائِشَةُ سَنَةَ سَبْعٍ وَخَمْسِينَ وَوُلِدَ مُجَاهِدٌ سَنَةَ إِحْدَى وَعِشْرِينَ فِي خِلَافَةِ عُمَرَ فَدلَّكَ هَذَا عَلَى أَنَّ مَنْ زَعَمَ أَنَّ مُجَاهِدًا لَمْ يَسْمَعْ مِنْ عَائِشَةَ كَانَ وَاهِمًا فِي خِلَافَةِ عُمَرَ فَدلَّكَ هَذَا عَلَى أَنَّ مَنْ زَعَمَ أَنَّ مُجَاهِدًا لَمْ يَسْمَعْ مِنْ عَائِشَةَ كَانَ وَاهِمًا فِي قَوْلِهِ ذَلِكَ.

বাংলা

৩০১০. মুজাহিদ রহিমাহুল্লাহ বলেন, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "ইয়াযিদ বিন কাইস কী করলো? তারপর উপর আল্লাহর লা'নত বর্ষিত হোক!" লোকজন বললো, "সে মারা গিয়েছে।" তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি।" লোকজন তাঁকে বললো, "কী ব্যাপার, আপনি তার প্রতি লা'নত করলেন, তারপর আবার বললেন, আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি?" জবাবে তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা মৃতদের গালি দিবে না। কেননা তারা যা আগে পাঠিয়েছে, সেদিকে তারা চলে গিয়েছে।"[1]



আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা ৫৭ হিজরীতে মারা যান আর মুজাহিদ রহিমাহুল্লাহ উমার রাদ্বিয়াল্লাহু আনহুর সময়ে ২১ হিজরীতে জন্ম গ্রহণ করেন। কাজেই যে ব্যক্তি মনে করে যে, মুজাহিদ রহিমাহুল্লাহ আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে হাদীস শ্রবণ করেননি, তিনি তার এই কথায় ভ্রমের মধ্যে রয়েছেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৮০; দারেমী: ২/২৩৯; সহীহুল বুখারী: ১৩৯৩; নাসাঈ: ৪/৫৩; মুসনাদ আশ শিহাব: ৯২৩; সুনান বাইহাকী: ৪/৭৫; বাগাবী: ১৫০৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওযুন নাযীর: ১/৪৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন